# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫০০

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৮. প্রথম অনুচ্ছেদ - অপবিত্রতা হতে পবিত্রতা অর্জন

بَابُ تَطْهِيْرِ النَّجَاسَاتِ

## আরবী

وَعَنْ سَوْدَةَ زَوْجِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَتْ: مَاتَتْ لَنَا شَاةٌ فَدَبَغْنَا مَسْكَهَا ثُمَّ مَا زِلْنَا نَنْبِذُ فِيهِ حَتَّى صَارَ شنا. رَوَاهُ الْبُخَارِيّ

## বাংলা

৫০০-[১১] নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সহধর্মিণী সাওদাহ্ (রাঃ)থেকে বর্ণিত। তিনি বলেন, আমাদের একটি বকরী মারা গেলে আমরা এর চামড়াটা পাকা করলাম। অতঃপর আমরা সব সময় এতে ’নবীয’ বানাতে থাকি, যা পরবর্তীতে একটা পুরান মশকে পরিণত হলো। (বুখারী)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৬৬৮৬, আহমাদ ২৭৪১৮, সহীহ ইবনু হিব্বান ৫৪১৪, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৫৪।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَدَبَغْنَا مَسْكَهَا) ‘‘আমরা সেটার চামড়া (দাবাগত) পাকা করলাম।’’ (ثُمَّ مَازِلْنَا نَنْبِذُ فِيْهِ) ‘‘এরপর আমরা অব্যাহতভাবে এ চামড়ার তৈরি মশকে নাবীয বানাতে থাকি।’’ অর্থাৎ- তাতে আমরা খেজুর ভিজিয়ে রেখে ঐ পানি পান করতাম। এতে প্রমাণিত হয় যে, যে সকল পশুর গোশ্‌ত (গোশত/গোস্ত/গোসত) খাওয়া হালাল ঐ পশু মারা গেলে তার চামড়া খুলে নিয়ে দাবাগাত (পাকা) করলে তা পবিত্র হয়ে যায়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55058

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন